# মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়্যেম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ পরিচ্ছেদ: মুমিনদের প্রতি সমবেদনার ধরণ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পরিচ্ছেদ: মুমিনদের প্রতি সমবেদনার ধরণ

এক মুমিনের প্রতি অন্য মুমিনের সমবেদনা কয়েক ধরণের হতে পারে। যেমন, টাকা পয়সার দ্বারা সমবেদনা, সুনাম-সুখ্যাতির মাধ্যমে সমবেদনা, শারীরির ও সেবা প্রদান করে সমবেদনা, সদুপদেশ ও দিকনির্দেশনা দিয়ে সমবেদনা, দো'আ ও ইসতিগফার করে তাদের প্রতি সমবেদনা, তাদের ব্যথায় ব্যথিত হয়ে সমবেদনা প্রকাশ। ঈমানের পরিমাণ অনুসারে এসব সমবেদনা বাড়তি ও কমতি হয়। ঈমান দুর্বল হলে সমবেদনাও তত দুর্বল হয়, আর ঈমান মজবুত হলে সমবেদনাও তত মজবুত হয়। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সমস্ত সাথীদের প্রতি সমবেদনা প্রকাশে সর্বশ্রেষ্ঠ মানুষ ছিলেন। তাঁর প্রতি সাহাবীদের অনুসরণের পরিমাণ অনুযায়ী তাদের প্রতি সমবেদনা ছিল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9763

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন